দৈনিক ইত্তেফাক
১৭/০২/২০২২

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন
### সমাজকল্যাণ মন্ত্রণালয়
সুবর্ণ ভবন, এ/৪, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬

স্মারক নং-৪১.০২.০০০০.০১০.৬৮.০৬৮.২০১৬ (অংশ-১). ২৯২

০৩ ফাল্গুন ১৪২৮
১৬ ফেব্রুয়ারি ২০২২

# নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের আওতাধীন 'প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র' শীর্ষক কর্মসূচির আওতায় নিম্নোক্ত পদসমূহে চলমান কর্মসূচির জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে চুক্তিভিত্তিক জনবল নিয়োগের নিমিত্ত বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। প্রতিটি পদের পার্শ্বে শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য তথ্যাদি উল্লেখ করা হলোঃ

| ক্রমিক | পদের নাম | পদ সংখ্যা | | মাসিক বেতন-ভাতা (সাকুল্য) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই (প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য জেলা কোটা প্রযোজ্য নহে) |
|---|---|---|---|---|---|---|
| | | সাধারণ কোটায় | মুক্তিযোদ্ধা কোটায় | | | |
| ১. | থেরাপি সহকারী | ৪ | ৮ | ১৭,৬৫০/- (গ্রেড ১৩তম) | বিজ্ঞান বিভাগে এইচএসসি/সমমানসহ Community Handicap and Disability Resource Person (CHDRP) কোর্স সম্পন্ন হতে হবে। বিজ্ঞান বিভাগে এসএসসি/সমমানসহ ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি কোর্সধারী প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে। শিক্ষা ক্ষেত্রে কোন পর্যায়ে তৃতীয় শ্রেণী/বিভাগ (জিপিএ ২.৫ এর নিম্নে নহে) গ্রহণযোগ্য হবে না। | মানিকগঞ্জ, গোপালগঞ্জ, মাদারীপুর, টাঙ্গাইল, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোণা, শেরপুর, চাঁদপুর, রাজশাহী, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, রংপুর, গাইবান্ধা, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, ঠাকুরগাঁও, খুলনা, মাগুরা, নড়াইল, বাগেরহাট, সাতক্ষীরা, কুষ্টিয়া, মেহেরপুর, বরিশাল, ভোলা, ঝালকাঠী, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী। |
| ২. | টেকনিশিয়ান-১ | ৩ | - | ১৭,৬৫০/- (গ্রেড ১৩তম) | বিজ্ঞান বিভাগে এইচএসসি/সমমান পাশ। অডিওমেট্রি বিষয়ে ডিপ্লোমা/ সার্টিফিকেট কোর্সধারী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। শিক্ষা ক্ষেত্রে কোন পর্যায়ে তৃতীয় শ্রেণী/বিভাগ (জিপিএ ২.৫ এর নিম্নে নহে) গ্রহণযোগ্য হবে না। | |
| ৩. | টেকনিশিয়ান-২ | ৩ | - | ১৭,৬৫০/- (গ্রেড ১৩তম) | বিজ্ঞান বিভাগে এইচএসসি/সমমান পাশ। অপটোমেট্রি বিষয়ে ডিপ্লোমা/ সার্টিফিকেট কোর্সধারী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। শিক্ষা ক্ষেত্রে কোন পর্যায়ে তৃতীয় শ্রেণী/ বিভাগ (জিপিএ ২.৫ এর নিম্নে নহে) গ্রহণযোগ্য হবে না। | |
| ৪. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৫ | - | ১৫,৬৫০/- (গ্রেড ১৬তম) | স্নাতক/সমমান ডিগ্রিধারী। কম্পিউটার ডাটা এন্ট্রি, এমএসওয়ার্ড ও এক্সেল এ দক্ষতার সনদপত্র থাকতে হবে। | |
| ৫. | স্টাফ | ৫ | - | ১৪,৪৫০/- (গ্রেড ২০তম) | এসএসসি/সমমান পাশ। | মুন্সিগঞ্জ, ফরিদপুর, রাজবাড়ী, শরিয়তপুর, জামালপুর, নেত্রকোণা, বান্দরবান, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, রাজশাহী, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, বগুড়া, রংপুর, দিনাজপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, ঠাকুরগাঁও, খুলনা, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, বাগেরহাট, সাতক্ষীরা, চুয়াডাংগা, কুষ্টিয়া, মেহেরপুর, বরিশাল, ভোলা, ঝালকাঠী, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, হবিগঞ্জ। |
| ৬. | গার্ড | ৪ | - | ১৪,৪৫০/- (গ্রেড ২০তম) | এসএসসি/সমমান পাশ। | |

প্রার্থীদের জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের ওয়েবসাইট (www.jpuf.gov.bd) থেকে সরকার নির্ধারিত চাকরির আবেদন ফরম ডাউনলোড করে আবেদন করতে হবে।

**শর্তাবলী:**

১. সকল পদে ৩১-০৩-২০২২ তারিখে বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২. আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে তার প্রমাণক হিসেবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধার সনদপত্র ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ফটোকপি এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে তার প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর/ পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৩. জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ এবং জাতীয় পরিচয়পত্র (যদি থাকে) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

৪. এতিম, প্রতিবন্ধী, ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের ফটোকপি দাখিল করতে হবে।

৫. শূন্য পদ পূরণের কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

৬. আবেদনপত্রের সাথে প্রার্থীর নিজের নাম ও বর্তমান ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকার অব্যবহৃত স্ট্যাম্পযুক্ত একটি ৯"× ৪" সাইজের ফেরত খাম জমা দিতে হবে।

৭. সরকারি, আধাসরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৮. আবেদনপত্রের সঙ্গে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, জাতীয় পরিচয়পত্র, অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে), নাগরিক সনদপত্র ও সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।

৯. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

১০. আবেদনপত্র **আগামী ৩১-০৩-২০২২ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে ব্যবস্থাপনা পরিচালক,** জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, সুবর্ণ ভবন, এ/৪, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬ বরাবর পৌঁছাতে হবে। খামের উপর পদের নাম ও নিজ জেলার নাম লিখতে হবে। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১১. নিয়োগের ব্যাপারে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১২. এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদানে কিংবা সকল আবেদনকারীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণে আহ্বান জানাতে বাধ্য থাকবে না।

১৩. কর্তৃপক্ষ যে কোন সময় কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তি বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪. বিজ্ঞপ্তির পদের পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৫. নির্বাচিত প্রার্থীকে কর্মসূচি বাস্তবায়ন এলাকায় প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নে অথবা কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী বাংলাদেশের যেকোন এলাকায় কাজ করতে হবে।

১৬. আবেদনের সাথে ১০০/- (একশত) টাকার অফেরৎযোগ্য পোস্টাল অর্ডার, ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, ঢাকা বরাবর প্রদান করতে হবে।

১৭. দৃষ্টি প্রতিবন্ধী প্রার্থীদের বিধি মোতাবেক শ্রুতিলেখক নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদান করা হবে।

১৮. শুধুমাত্র প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের লিখিত/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে)/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহ্বান করা হবে।

১৯. একই প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না।

২০. নির্বাচিত হলে চাকরিতে যোগদানের পূর্বে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন‌জুডিশিয়াল স্ট্যাম্পে কর্তৃপক্ষের সাথে চুক্তি সম্পাদন করতে হবে।

২১. আবেদনে প্রদত্ত কোন তথ্য অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন বা নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২২. নিয়োগ সংক্রান্ত যাবতীয় তথ্য **www.jpuf.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।**

২৩. নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

১৬/০২/২০২২

(প্রভাষ চন্দ্র রায়)
(যুগ্মসচিব)
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
ও সদস্য-সচিব
জনবল নিয়োগ কমিটি

স-৪৪০ (১৫×৪)